দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 6 MAY 2016
পৃষ্ঠা ২১ কলাম ৫

# ঢাবির বঙ্গবন্ধু হলে বঙ্গবন্ধুর সর্ববৃহৎ ম্যুরাল স্থাপন দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাবির বঙ্গবন্ধু হলে জাতির জনকের সর্ববৃহৎ ম্যুরাল স্থাপনের দাবি জানিয়েছে হলের সাধারণ শিক্ষার্থীরা। এছাড়া ক্যান্টিনের খাবারের মান বৃদ্ধি, হলের আশপাশে মাদকসেবীদের আনাগোনা বন্ধসহ ৬ দফা দাবি উত্থাপন করা হয়। বুধবার বিকেলে টিএসসিতে সাংবাদিক সমিতি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়। সাধারণ শিক্ষার্থীদের পক্ষে ছাত্রলীগ সৈয়দ মোঃ আরাফাত এ সংবাদ সম্মেলনের আয়োজন করেন। এ সময় অন্যান্যের মধ্যে হল শাখা ছাত্রলীগের দারুস সালাম শাকিল, গোলাম মোস্তফা, ঢাবি শাখার সহ-সভাপতি কামরুল হক ও হল শাখার নেয়ামত উল্লাহ উপস্থিত ছিলেন।